গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর
৪৫০, জিএল রায় রোড, পূর্ব কামাল কাছনা, রংপুর
[জনপ্রশাসন শাখা]
www.rangpurvat.gov.bd

নম্বর: ০৮.০১.৮৫০০.২০২.১১.০০১.২৩/৪৬৫৯ তারিখ: ০৩/১১/২০২৬খ্রি.

সচেতনতামূলক গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর এর নিয়োগ কার্যক্রমকে কেন্দ্র করে সাম্প্রতিক সময়ে বিভিন্ন সামাজিক যোগাযোগমাধ্যম, অনলাইন প্ল্যাটফর্ম ও অন্যান্য মাধ্যমে কিছু ভূয়া বিজ্ঞপ্তি এ দপ্তরের গোচরীভূত হয়েছে। বিজ্ঞপ্তিসমূহে লিখিত পরীক্ষার তারিখ ও সময় এবং লিখিত পরীক্ষার ফলাফল বাতিল সংক্রান্ত তথ্য প্রদান করা হয় যা মিথ্যা, অসত্য ও উদ্দেশ্যপ্রণোদিত গুজব হিসেবে পরিলক্ষিত হয়। এ ধরনের তথ্যের যথার্থতা ও বিশ্বাসযোগ্যতা যাচাই না করে প্রচার, পুনঃপ্রচার কিংবা তাতে প্রভাবিত হওয়া অনভিপ্রেত, অনাকাঙ্খিত এবং নিয়োগ কার্যক্রম সম্পর্কে অযথা বিভ্রান্তি ও ভুল বোঝাবুঝির অবকাশ সৃষ্টি করতে পারে। নিয়োগ পরীক্ষার সময়সূচি, পরীক্ষাকেন্দ্র, ফলাফল, মূল্যায়ন প্রক্রিয়া কিংবা নিয়োগ-সংশ্লিষ্ট অন্য যেকোনো বিষয়ে প্রচারিত তথ্যের সত্যতা কেবল সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষের আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি ও অনুমোদিত যোগাযোগ মাধ্যম (https://www.rangpurvat.gov.bd); এবং ফেসবুক পেজ (https://www.facebok.com/CEV.Rangpur) এর মাধ্যমে নিশ্চিত হওয়ার জন্য অনুরোধ করা হলো। কোনো প্রকার অনুমাননির্ভর, উদ্দেশ্যপ্রণোদিত কিংবা অসমর্থিত সূত্রের মাধ্যমে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিভ্রান্ত না হওয়া এবং যাচাইবিহীন তথ্য প্রচার বা প্রচারে সহযোগিতা করা থেকে বিরত থাকার জন্য অনুরোধ করা হলো। সকল পরীক্ষার্থী, অভিভাবক, সংশ্লিষ্ট ব্যক্তি ও সর্বসাধারণের সচেতনতা, সংযম এবং দায়িত্বশীল সহযোগিতা একান্তভাবে প্রত্যাশিত এবং এই ধরনের মিথ্যা, অসত্য ও উদ্দেশ্যপ্রণোদিত গুজব প্রচারে লিপ্ত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

03.11.2026

মোঃ পায়েল পাশা
অতিরিক্ত কমিশনার (চলতি দায়িত্ব)
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
cevc.rangpur@nbr.gov.bd
টেলিফোন : ০২৫৮৯৯৬৪১১২